

## ২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্ট

গ্রেগ মেয়স (Greg Mays) (D)

শুভ দিন, আমি Greg Mays এবং আজ আমি ডিস্ট্রিক্ট ২৭ নিউইয়র্ক সিটি কাউন্সিলে আমার প্রার্থীতা ঘোষণা করছি, যে সীটে বর্তমানে মাননীয় Leroy Comrie আসীন আছেন। আমি প্রতিদ্বন্দ্বিতা করছি কারণ আপনার পরবর্তী প্রতিনিধি এ কাজের জন্য প্রস্তুত হয়ে আছেন তা জানার অধিকার আপনাদের আছে। আমি প্রস্তুত। বিগত ছয় বছর আমি জ্যামাইকা ভিত্তিক একটা অ-লাভজনক সংস্থা, নাম এ বেটার জ্যামাইকা পরিচালনা করে আসছি। বর্তমানে আমাদের ছয়টি প্রকল্প চালু আছে। এখানে সাউথ ইস্ট কুইন্সের পাচটি পার্কের সর্বত্র আমাদের দুইটি চলচ্চিত্র সিরিজ এক্সিবিট ২১ ফিল্ম রয়েছে। আমাদের Jamaica311.com ওয়েবসাইট এবং সাপ্তাহিক ই-ব্লাস্ট আমাদের এই প্রানপ্রিয় শহরে সকল প্রকার ঘটনাবলী যা ঘটছে তা তুলে ধরে। জ্যামাইকা সলিউশনস কমিউনিটি বিশেষজ্ঞদেরকে একত্রিত হয়ে এটা চিন্তা করেন যে, কিভাবে আমাদের সমস্যাগুলির আরও ভাল সমাধান দিতে পারি। আমাদের জ্যামাইকা রীডস কর্মসূচীতে বয়স্ক নাগরিকরা একটি স্থানীয় প্রাক প্রাথমিক স্কুলের ১ম গ্রেড এর শিক্ষার্থীদের সাথে যারা তাদের পঠন দক্ষতা বাড়ানোর জন্য কঠোর অনুশীলনেরত তাদের সাথে একজন একেক জনের সাথে একত্রে পড়েন। সর্বশেষ জ্যামাইকা বল ১৭ টি স্থানীয় অলাভজনক সংস্থাকে একত্র করেছে একটা যৌথ তহবিল গঠনকারী প্রতিষ্ঠানিক আদলে পদের প্রত্যেকে ৯০% টিকেট বিক্রয় অর্থ নিয়ে থাকে। আমি প্রস্তুত এই ধরণের অভীল্ল চিন্তাপ্রসূত করনের দিকে আপনাদের সিটি কাউন্সিল প্রতিনিধী হিসেবে এগুলো চাই। একই অভীল্ল অভিগমন আনতে চাই কমিউনিটি বোর্ড ১২ তে সেখানে আমি পার্কস কমিটির চেয়ারম্যানের দায়িত্বেরত এবং সেই অভীল্ল অভিগমন যা আমি আমার নেতৃত্বে এনেছিলাম এডিলেইগ পার্ক সিভিক অর্গানাইজেশনের প্রেসিডেন্ট হিসেবে। আপনাদের প্রয়োজনাদী মেটানোর পথে আমি প্রস্তুত একইভাবে এটাও গুরুত্ববাহী যে ডিস্ট্রিক্ট ২৭-এর ভূমিখন্ড জরীপ করে দেখতে, এজন্য যে আমি নিশ্চিত হতে চাই কিকি সমস্যা সৃষ্টি হতে পারে যাতে আমরা সে সব অঙ্কুরেই বিনাশ করে ফেলতে পারি। আমি জানি সাউথ ইস্ট কুইন্সে সবকিছু ভাল না। অন্যান্য বিষয়ের মধ্যে আমি জানি আমাদের রাস্তার বন্যা এবং মাত্রাতিরিক্ত জনচাপ। আমি এও জানি অনেক বেশী শিক্ষার্থীরা স্কুলে অকৃতকার্য হচ্ছে। আমি আরও জানি আমাদের অনেক যুবক বেকার। এ সবার ফলশ্রুতীতে আমাদের এই সিটিতে ও ষ্টেটে বন্ধকী সম্পত্তি খালাস করার অধিকার হরনের হারগুলির অন্যতম। সর্বশেষ আমি এটাও জানি আমাদের বয়স্ক ব্যক্তিদের অনেকে নীরবে নিভুতে ভুগছে। যদি আপনাদের সজাগ দৃষ্টি এ সবার প্রতি থাকে কিন্তু আমার মতো ক্লান্ত হয়ে পড়েন বা অন্য কেউ এসে আমাদের সমস্যাবলীর সমাধান দিক তা দেখার জন্য অপেক্ষমান থাকেন তাহলে আপনাদের প্রতি আহবান রাখবো আমার সঙ্গে যোগ দিন, আসুন আমরা সবাই মিলে নিউইয়র্ক সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৭ কে এর সবকালের অবস্থার চেয়ে উন্নততর করে গড়ে তুলি। আসুন আমরা এটা করি। আপনাদেরকে ধন্যবাদ।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*